# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাহাজ্জুদ সালাতে সূরা ইখলাস পাঠ করার উপর ক্ষযান্ত থাকা যথেষ্ট হবে, কেননা এটি কুরআনের এক-তৃতীয়াংশের সমান যখন কোন ব্যক্তি এর চেয়ে বেশি পাঠ করতে অপারগ হবে

ذِكْرُ الِاقْتِصَارِ لِلتَّهَجُّدِ عَلَى قِرَاءَةِ {قُلْ هُوَ الله أحد} إِذْ هُوَ ثُلُثُ الْقُرْآنِ إِذَا كَانَ عَاجِزًا عَنْ قِرَاءَةِ مَا هُوَ أَكْثَرُ مِنْهُ

---

আরবী

2567 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ الْعَنْبَرِيُّ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَلِيِّ بْنِ مُدْرِكٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ النَّخَعِيُّ عَنِ الربيع بن خيثم عَنِ ابْنِ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَيَعجِزُ أَحَدُكُمْ أَنْ يَقْرَأَ ثُلُثَ الْقُرْآنِ كُلَّ لَيْلَةٍ؟ ) قَالُوا: وَمَنْ يُطِيقُ ذَلِكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: ({قُلْ هُوَ الله أحد} [الإخلاص: 1])

الراوي : ابْنِ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2567 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض النضير)) (1024).

বাংলা

২৫৬৭. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের কেউ কি প্রত্যেক রাতে কুরআনের এক-তৃতীয়াংশ পাঠ করতে সক্ষম হবে?” সাহাবীগণ বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এমনটা করতে কে সক্ষম হবে?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “(কুরআনের এক-তৃতীয়াংশের সমান হলো) قُلْ هُوَ الله أحد (বলুন, আল্লাহ এক। -সূরা ইখলাস: ১)।”[1]

ফুটনোট

[1] তাবারানী: ১০৪৮৪; বাযযার: ২২৯৮; মুসনাদ আহমাদ: ৩/৮; সহীহ মুসলিম: ৮১১; দারেমী: ২/৪৬০; নাসাঈ: ৭০১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওদুন নাদীর: ১০২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91893

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন